

মাদকমুক্ত সুস্থ জীবন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

■ সংখ্যা : ৮৪

■ বর্ষঃ ১১

■ ফেব্রুয়ারি ২০১৬

সারাদেশে জানুয়ারি মাসব্যাপী

মাদকবিরোধী জনসচেতনতামূলক কর্মসূচি পালিত।

বিগত ০৮ অক্টোবর ২০১৫ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বোর্ডের চতুর্দশতম সভায় জানুয়ারি-২০১৬ মাসে দেশব্যাপী মাদকবিরোধী অভিযান ও প্রচার-প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জানুয়ারি মাসব্যাপী সারাদেশে মাদকবিরোধী অভিযান ও জনসচেতনতামূলক বিষয়ে বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করা হয়। স্থানীয় প্রশাসন, শিক্ষাপ্রতিষ্ঠান এবং অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদকবিরোধী গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হয়েছে। দেশব্যাপী পরিচালিত এসব মাদকবিরোধী প্রচার-প্রচারণা কার্যক্রমে সরকারের মাননীয় মন্ত্রীবর্গ, মাননীয় সংসদ সদস্যবৃন্দ, স্থানীয় সরকারের জনপ্রতিনিধিবৃন্দ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, মাদক অপরাধ দমনে নিয়োজিত অন্যান্য বাহিনীর সদস্যবৃন্দ এবং সর্বস্তরের জনগণ ব্যাপকভাবে অংশগ্রহণ করেছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব



আসাদুজ্জামান খাঁন এমপি ০২ জানুয়ারি ২০১৬ তারিখে কক্সবাজারের বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে মাসব্যাপী মাদকবিরোধী প্রচার-প্রচারণা কর্মসূচির উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে কক্সবাজার জেলার ০৪ জন সংসদ সদস্য এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান উপস্থিত ছিলেন।

০২ জানুয়ারি ২০১৬ তারিখে কক্সবাজারে বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে মাসব্যাপী প্রচার-প্রচারণা কর্মসূচীর শুভ উদ্বোধন করেন মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খাঁন এমপি

জানুয়ারি ২০১৬ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো: মোজাম্মেল হক খান মহোদয় মাদারীপুর জেলার সদর উপজেলার পাঁচখোলা মুক্তিসেনা হাইস্কুল এন্ড কলেজ মাঠে মাদকবিরোধী আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে বিশেষ

অতিথি হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিব জনাব মো: শাহ্ কামাল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক জনাব মো: আমীর হোসেন এবং স্থানীয় জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। মাদকবিরোধী প্রচার-প্রচারণার মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান বাংলাদেশ টেলিভিশন, চ্যানেল আই, আর টিভি, এসএ টিভি ও যমুনা টেলিভিশনে মাদকবিরোধী টকশোতে অংশগ্রহণ করেছেন। এতদ্ব্যতীত বিভিন্ন সরকারি-বেসরকারি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় মাদকের বিষয়ে অধিদপ্তরের মহাপরিচালকের বক্তব্য প্রচারিত হয়েছে।



উদ্বোধনী অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের সাথে উপস্থিত অতিথিবৃন্দ

জানুয়ারি মাসব্যাপী সারাদেশে মসজিদে প্রতি শুক্রবার জুম'আর নামাজের খুৎবার পূর্বে মাদকবিরোধী আলোচনা বা বয়ান অনুষ্ঠিত হয়েছে। মাসব্যাপী পরিচালিত কর্মসূচির মধ্যে র্যালি, মানববন্ধন, আলোচনা সভা, পথসভা, মতবিনিময়সভা, উঠান বৈঠক, সড়কদ্বীপ সজ্জিতকরণ, দেয়াল লিখন, মাদকবিরোধী মাইকিং, লিফলেট ও পোস্টার বিতরণ, চলচ্চিত্র প্রদর্শন, গণস্বাক্ষর অভিযান, যানবাহন ও জনগুরুত্বপূর্ণ স্থানে স্টিকার লাগানো, বিতর্ক প্রতিযোগিতা, গোলটেবিল বৈঠক, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা ধরনের কর্মসূচি অন্তর্ভুক্ত ছিল।



মাদারীপুর মুক্তিসেনা হাই স্কুল এন্ড কলেজ মাঠে আলোচনা সভায় প্রধান অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মো: মোজাম্মেল হক খান।

এছাড়া ইসলামী ফাউন্ডেশন ও উপজেলা প্রশাসনের সহযোগে দেশের সকল মসজিদে জুমার নামাজের খুৎবার পূর্বে মাদকবিরোধী আলোচনা হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ও সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে উক্ত মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস জানুয়ারি ২০১৬ সফলভাবে সম্পন্ন করা হয়। মাস ব্যাপী মাদকবিরোধী এই অভিযান ভবিষ্যৎ কার্যসম্পাদনে দৃষ্টান্ত ও অনুসরণীয় হয়ে মাদকবিরোধী অভিযানকে বেগবান করবে।

মাসব্যাপী প্রচারাভিযানের অনুষ্ঠানভিত্তিক পরিসংখ্যান

ক্রঃ	অনুষ্ঠানের নাম	সংখ্যা
০১	অভিযান	৪৪৮
০২	আলোচনা সভা	৫১৭
০৩	র্যালী/ও মানববন্ধন	১৫৬
০৪	গণস্বাক্ষর অভিযান	৩২৮
০৫	লিফলেট বিতরণ	৮,২৭,০০০
০৬	পোস্টার বিতরণ	৬৯,০০০
০৭	ক্যালেন্ডার বিতরণ	২৮,০০০
০৮	স্টিকার বিতরণ	৭০,০০০
০৯	মাইকিং	১২৮
১০	স্বল্পদৈর্ঘ্য চলচিত্র প্রদর্শন	২২১
১১	সাংস্কৃতিক অনুষ্ঠান/ কনসার্ট	৩২
১২	সড়ক দ্বীপ সজ্জিতকরণ	২৭

বাণিজ্য মেলায় মাদকবিরোধী প্রচারণা

জানুয়ারি ২০১৬ সালে অনুষ্ঠিত ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অধিদপ্তরের উদ্যোগে একটি মিনি প্যাভিলিয়ন বরাদ্দ নিয়ে মাসব্যাপী প্রচার - প্রচারণা চালানো হয়েছে। মিনি প্যাভিলিয়নে দেশে বহুল অপব্যবহৃত মাদকদ্রব্যের ক্ষতিকর দিকগুলো ডিজিটাল পদ্ধতিতে তুলে ধরা হয়েছে এবং প্যাভিলিয়নটি দেশের গুরুত্বপূর্ণ ব্যাজিবর্গ পরিদর্শন করেছেন, যা মেলায় আগত দর্শনার্থীদের মধ্যে বিপুল সাড়া ফেলেছে ও প্রশংসা কুড়িয়েছে।



ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা সমাপনী অনুষ্ঠানে পুরস্কার নিচ্ছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান।

প্রথমবার অংশগ্রহণ করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মিনি প্যাভিলিয়নটি RMP-2 ক্যাটাগরীতে প্রথম স্থান অধিকার করেছে।

ঢাকায় মাদকবিরোধী গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত

গত ২৮ জানুয়ারি ২০১৬ তারিখে ঢাকা ক্লাবের স্যামসন সেন্টারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও প্রমিসেস মেডিকেল লিমিটেডের যৌথ উদ্যোগে “মাদকের অপব্যবহার রোধে করণীয়” শীর্ষক এক গোলটেবিল বৈঠকের আয়োজন করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমানের

সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ হ ম মোস্তাফা কামাল, এমপি, তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, জনাব কাজী ফিরোজ রশীদ এমপি, মানসের সভাপতি অধ্যাপক ডা. অরুণ রতন চৌধুরী, বিশিষ্ট আইনজীবী ব্যারিস্টার রফিকুল হক, নিউজ টুডে পত্রিকার সম্পাদক জনাব রিয়াজ উদ্দীন আহমেদ, মানব জমিন পত্রিকার প্রধান সম্পাদক জনাব মতিউর রহমান চৌধুরী, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব শামীম মোহাম্মদ আফজাল, প্রমিসেস মেডিকেল লিমিটেডের চেয়ারম্যান জনাব শাহেদুল ইসলাম হেলাল, বাংলাদেশ রাইফেলসের সাবেক মহাপরিচালক মেজর জেনারেল (অব:) আ ল ম ফজলুর রহমান, মনোবিজ্ঞানী অধ্যাপিকা মেহতাব খানম, গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী, এফবিসিসিআই এর সভাপতি জনাব মাতলুব আহমদ, সংগীত শিল্পী জনাব ফকির আলমগীর, অভিনেত্রী রোকেয়া প্রাচী প্রমুখ বক্তব্য রাখেন।



গোলটেবিল বৈঠকে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব আ হ ম মোস্তাফা কামাল, এমপি, বলেন : শুধু আইন প্রয়োগের মধ্য দিয়ে মাদকের বিস্তার রোধ সম্ভব নয়। সামাজিক সচেতনতা তৈরির মধ্য দিয়ে মাদককে পরিহার করতে হবে। মাননীয় তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জনাব জুনায়েদ আহমেদ, এমপি, বলেন : তরুণ প্রজন্মকে মাদকাসক্ত রেখে দেশের উন্নয়ন সম্ভব নয়। অনুষ্ঠান সঞ্চালনা করেন চ্যানেল আই 'তৃতীয় মাত্রা'র উপস্থাপক জনাব জিলুর রহমান। অনুষ্ঠান শেষে আইসিটি ব্যবহার করে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও Ezze Technology এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।



সমঝোতা স্মারকে স্বাক্ষর করছেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক।



মাদকমুক্ত সুস্থ জীবন

উপদেষ্টা : খন্দকার রাকিবুর রহমান
মহাপরিচালক

সম্পাদক : নাজমুল আহসান মজুমদার
পরিচালক (নিরোধ শিক্ষা)

সহ-সম্পাদক : মোহাম্মদ রুহুল আমিন
সহকারী পরিচালক (গ: ও প্র:)

মাসিক বুলেটিন

- সংখ্যা : ৮৪
- বর্ষ : ১১
- ফেব্রুয়ারি-২০১৬

জানুয়ারি মাসব্যাপী জুম'আর নামাজের খুৎবার আগে মাদকবিরোধী বয়ান

জানুয়ারি মাসব্যাপী মাদকবিরোধী অভিযান ও প্রচার-প্রচারণার মাসে প্রত্যেক জুম'আর নামাজের খুৎবার আগে মাদকদ্রব্য সেবন ও মাদক বিক্রয়লব্ধ অর্থ দ্বারা জীবিকা নির্বাহের ইহলৌকিক ও পরলৌকিক পরিণতি সম্পর্কে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে মুসল্লীদের উদ্দেশ্যে বয়ান করার কর্মসূচী অন্তর্ভুক্ত ছিল। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ইসলামিক ফাউন্ডেশনের জেলা পর্যায়ের কর্মকর্তাদের সহযোগিতার দেশের বিভিন্ন মসজিদে কর্মসূচী মোতাবেক জুম'আর নামাজের খুৎবার আগে মাদকবিরোধী বয়ান করা হয়েছে।

মাদকবিরোধী মঞ্চ নাটক প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস- জানুয়ারি/২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে গত ৩ জানুয়ারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (UIU), ধানমন্ডি ঢাকায় মাদকবিরোধী মঞ্চ নাটক প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (UIU) এর উপাচার্য প্রফেসর ড. এম রেজওয়ান খান ও বিশিষ্ট অভিনেত্রী সূবর্ণা মোস্তফা। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান।



মাদকবিরোধী মঞ্চ নাটক প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অভিনেত্রী আফসানা মিমিকে বিচারক হিসেবে সম্মাননা প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

মাদকবিরোধী বিতর্ক প্রতিযোগিতা

মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস জানুয়ারি-২০১৬ এর অংশ হিসেবে দেশে প্রথমবারের মত জাতীয়ভাবে মাদকবিরোধী বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। 'মাদকমুক্ত তরুণ প্রাণে, গড়বো দেশ যুক্তির গানে....' এ প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা মহানগরীর স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের বিতর্কিকরা অংশগ্রহণ করেন। ডিবেট ফর ডেমোক্রেসি'র পরিচালক জনাব হাসান আহমেদ চৌধুরী কিরণের সার্বিক তত্ত্বাবধান এবং সঞ্চালনায় বিতর্ক প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়।



'মাদকবিরোধী বিতর্ক উৎসব'-২০১৬ এর উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক জনাব এ কে এম শহীদুল হক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান এবং ডিবেট ফর ডেমোক্রেসি'র পরিচালক জনাব হাসান আহমেদ চৌধুরী কিরণ ও উপস্থিত বিতর্কিকরা।

অনুষ্ঠান শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এমপি মহোদয়।



পুরস্কার বিজয়ীদের সাথে স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামাল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার রাকিবুর রহমান এবং ডিবেট ফর ডেমোক্রেসি এর পরিচালক জনাব হাসান আহমেদ চৌধুরী কিরণ।

নিরোধ শিক্ষামূলক কার্যক্রম ও প্রচারাভিযান

মাদকদ্রব্যের অপব্যবহারের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি এবং সামাজিক উদ্বুদ্ধকরণের মাধ্যমে দেশে মাদকের চাহিদা হ্রাসের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নিয়মিতভাবে গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়ের মাধ্যমে যেসব জনসচেতনতা সৃষ্টিমূলক কার্যক্রম পরিচালিত হয় তন্মধ্যে সেমিনার, ওয়ার্কসপ, মাদকবিরোধী শর্ট ফিল্ম/ ডকুমেন্টারি প্রদর্শন, শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি বক্তৃতা ও মাদকবিরোধী কমিটি গঠন উল্লেখযোগ্য। জানুয়ারী'২০১৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের পরিসংখ্যান নিম্নরূপ:

মাদকবিরোধী আলোচনা সভা	২৩৫ টি
শ্রেণি কক্ষে বক্তৃতা	১৮৫ টি
পোস্টার/লিফলেট বিতরণ	৭০০ টি
শর্টফিল্ম/ডকুমেন্টারি প্রদর্শন	১৬৯ টি
সেমিনার ওয়ার্কসপ	১৫ টি
মাইকিং	১৪৩ টি

জানুয়ারি মাসে দেশব্যাপী মোট ১৪৪৭ টি মাদকবিরোধী গণসচেতনতামূলক নিরোধ শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়েছে। এ সময়ে শিক্ষাপ্রতিষ্ঠানে শ্রেণি বক্তৃতা হয়েছে ১৮৫ টি।

মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস জানুয়ারী-২০১৬ এর কিছু সংবাদচিত্র



মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস-জানুয়ারি ২০১৬ এর উপযাপন উপলক্ষে জামালপুরে মাদকবিরোধী বর্ণাঢ্য র্যালি (গত ৯ জানুয়ারি ২০১৬)।



মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস, জানুয়ারী ২০১৬ উদযাপন উপলক্ষে কক্সবাজারে অনুষ্ঠিত বর্ণাঢ্য বীচ কার্নিভাল।



যশোর জেলা : বেলুন উড়ানোর মধ্য দিয়ে মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস জানুয়ারি-২০১৬ এর শুভ উদ্বোধন।



মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস, জানুয়ারী ২০১৬ উদযাপন উপলক্ষে কক্সবাজারে অনুষ্ঠিত বর্ণাঢ্য বীচ কার্নিভালে ঘোড়ার র্যালী।



মাদকবিরোধী অভিযান ও প্রচারণা মাস জানুয়ারি/২০১৬ দেশব্যাপী মাদকবিরোধী দেয়াল লিখনের কিছু অংশ।



যশোর জেলা : মাদকবিরোধী মানববন্ধন, র্যালী, আলোচনা সভা ও গণস্বাক্ষর অভিযান



০২ জানুয়ারি ২০১৬ তারিখে কক্সবাজারে মাদকবিরোধী অভিযান ও প্রচারণার মাস উদযাপন উপলক্ষে মানববন্ধন ও বর্ণাঢ্য র্যালী।



০৬ জানুয়ারি ২০১৬ তারিখে চুয়াডাঙ্গায় মাদকবিরোধী অভিযান ও প্রচারণার মাস উদযাপন উপলক্ষে মাদকবিরোধী র্যালী।

অপারেশনাল কার্যক্রম

৮৬ হাজার পিস ইয়াবাসহ তিন মাদক ব্যবসায়ী গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ মামুনের নেতৃত্বে একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে গত ০৭ জানুয়ারি ২০১৬ তারিখ সকাল ৭.০০ ঘটিকা হতে ১১.৩০ ঘটিকা পর্যন্ত মতিঝিল থানাধীন শাপলা চত্বর এলাকা এবং গাজীপুর জেলার কালিয়াকৈর থানার অন্তর্গত মোঁচাক এলাকায় অভিযান পরিচালনা করে প্রায় ৮৬ হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ কুখ্যাত মাদক ব্যবসায়ী (১) মো: তৈয়ব (৩৮) পিতা: মো: ইউনুছ, সাং-সাবরা পানছড়িয়া পাড়া, থানা: টেকনাফ, জেলা : কক্সবাজার (২) মো: ওবায়দুল (২৯) পিতা: আওয়াল তালুকদার, -বটকাজল, থানা: বাউফল, জেলা: পটুয়াখালী, স্থায়ী ঠিকানা : কলাতলী, থানা ও জেলা : কক্সবাজার, (৩) শ্রী সঞ্চয় সাহা (২২) গ্রাম+থানা : বোদা, জেলা: পঞ্চগড়, স্থায়ী ঠিকানা : মোঁচাক কালিয়াকৈর, জেলা: গাজীপুর থেকে হাতে নাতে গ্রেফতার করে।



৮৬ হাজার পিস ইয়াবাসহ গ্রেফতারকৃতদের সাথে পরিচালক অপারেশন ও গোয়েন্দা এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য, গ্রেফতারকৃত ১ ও ২ নং আসামীর তথ্যের ভিত্তিতে ৩ নং আসামীর দখলীয়া গুদাম হতে উক্ত মাদকদ্রব্যসমূহ উদ্ধার করা হয়। অভিযানে সহকারী পরিচালক জনাব মো: আলী হায়দার রাসেল, পরিদর্শক জনাব মো: সুমনুর রহমান, ঢাকা বিভাগীয় গোয়েন্দা কার্যালয়ে ঢাকাসহ বিভাগীয় স্টাফ এবং অধিদপ্তরে নিয়োজিত ডিএমপি পুলিশ ফোর্স অংশগ্রহণ করেন। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯(১) টেবিলে এর ৯ (খ) ধারায় সংশ্লিষ্ট থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়।

মামলা সংক্রান্ত পরিসংখ্যান জানুয়ারি-২০০৬

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জানুয়ারি'১৬ মাস পর্যন্ত উদ্ধারকৃত মাদকদ্রব্য, দায়েরকৃত মামলা ও মামলাসমূহে অর্ন্তভুক্ত আসামীর সংখ্যা নিম্নরূপঃ

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	২৪	২৬	০.৪১১ কেজি
গাঁজা	৪১৮	৪২৭	১৯৪.৮৪২ কেজি
গাঁজা গাছ	২	২	৪ টি
অবৈধ চোলাই মদ	৬১	৬৪	৯৩০.১৫ লিটার
বিদেশী মদ	১১	১৩	৮৭০ বোতল

বিয়ার	৩	৩	১২১২ ক্যান
রেস্ট্রিক্টাইড স্পিরিট	৩	৩	১৬.২ লিটার
ডিনেচার্ড স্পিরিট	১৮	১৯	১৭৮৯ লিটার
কোডিনের মিশ্রণ (ফেনিডিল)	৩০	৩৩	১৬৫৩ বোতল
কোডিনের মিশ্রণ (ফেনিডিল)			১.৫ লিটার
তাড়ী (টোডি)	১৬	১৯	৭৬৪ লিটার
পটুই	৯	৯	৪৭০ লিটার
বুথেনরফিন (টি.ডি.জেসিক ইঞ্জেকশন)	১	১	১০ এ্যাম্পুল
ফার্মেন্টেড ওয়াশ	৩	৩	৪৬৩০ লিটার
বুথেনরফিন(টিডি জেসিক ইনঃ)	১	১	০
ডায়াজিপাম	১	১	৪ টি
ফার্মেন্টেড ওয়াশ (জাওয়া)	৩	৩	৪৬৩০ লিটার
অন্যান্য	১	১	০
ইয়াবা টেবলেট	১১১	১২১	২৫৬৮৭৪ টি
নগদ অর্থ			৩৮৪৫০ টাকা
প্রাইভেট কার			২ টি
মোবাইল সেট			৬ টি
ট্রাক			১ টি
কভার্ড ভ্যান			২ টি
বুথেনরফিন (লুপিজেসিক ইঞ্জেকশন)	৮	৯	৪৮৭ এ্যাম্পুল
পিস্তল	১	১	২ টি
গুলি			১০ রাউন্ড
এনার্জি ড্রিংস (ইত্যাদি)	১১	১১	৭৮৩ বোতল
আইকন এক্স পি/ অন্যান্য কোডিন সিরি	১	২	৪৫ বোতল
মোটঃ	৭৩৩	৭৬৮	

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

আইন আদালত (জানুয়ারি'১৬)

উপ-অঞ্চলের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	রায় ঘোষিত মামলার সংখ্যা	সাজাধাশ মামলার সংখ্যা	সাজাধাশ আসামীর সংখ্যা
ঢাকা মেট্রো: উপ-অঞ্চল	১০৬	১১৩	২৭	২৩	২৩
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঢাকা	৫	৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নারায়নগঞ্জ	১৪	১৪	১	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, গাজীপুর	১৫	১৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নরসিংদী	১৬	১৭	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মুন্সিগঞ্জ	৩	৩	৩	২	২
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মানিকগঞ্জ	৪	৪	৪	২	২
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ময়মনসিংহ	২১	২১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কিশোরগঞ্জ	৭	৭	৩	১	২
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নেত্রকোনা	৭	৭	০	০	০

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, টাংগাইল	৪	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, জামালপুর	১২	১২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, শেরপুর	২	১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ফরিদপুর	১২	১৩	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, গোপালগঞ্জ	০	০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মাদারীপুর	৫	৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, শরীয়তপুর	০	০	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রাজবাড়ী	৬	৬	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা গোয়েন্দা অঞ্চল	২	৪	০	০	০
চট্টগ্রাম মেট্রো উপ-অঞ্চল	১০	১৬	২১	১২	১২
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চট্টগ্রাম	৮	৮	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কক্সবাজার	১৮	১১	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নোয়াখালী	৬	৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ফেনী	৩	৩	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, লক্ষীপুর	৪	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কুমিল্লা	১৫	১৫	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চাঁদপুর	৯	৯	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ব্রাহ্মণবাড়িয়া	১৩	১৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বান্দরবন	২	৩	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রাংগামাটি	৪	৪	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, খাগড়াছড়ি	১	১	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৫	৬	১	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রাজশাহী	২৬	২৭	১	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নওগাঁ	১৬	১৭	১	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চাঁপাইনবাবগঞ্জ	১৩	১৫	২	১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নাটোর	৭	৮	১১	৬	৮
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পাবনা	২১	২২	৩	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিরাজগঞ্জ	১০	১২	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বগুড়া	৩২	৩২	৩	৩	৩
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, জয়পুরহাট	১০	১০	০	০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী গোয়েন্দা অঞ্চল	৬	৬	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, রংপুর	২৭	২৭	০	০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ	৪	৫	০	০	০

অফিস, কুড়িগ্রাম					
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, দিনাজপুর	১১	১০		২	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, গাইবান্ধা	১২	১২		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, লালমনিরহাট	১৬	১৬		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নীলফামারী	৭	৭		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঠাকুরগাঁও	৪	৪		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পঞ্চগড়	১	১		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, খুলনা	২৩	২৩		১০	৪
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সাতক্ষীরা	১০	১০		২	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বাগেরহাট	৬	৬		১	১
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, যশোর	২৪	২৯		১	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, নড়াইল	৬	৬		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মাগুরা	৪	৪		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, কুষ্টিয়া	৬	৬		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মেহেরপুর	৩	৩		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, চুয়াডাঙ্গা	১২	১২		৩	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঝিনাইদহ	৯	১৩		০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, খুলনা গোয়েন্দা অঞ্চল	৪	৫		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বরিশাল	৩	৪		৫	৩
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ঝালকাঠী	৩	৩		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পিরোজপুর	১	১		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, বরগুনা	০	০		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, পটুয়াখালী	০	০		১	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, ভোলা	১	১		০	০
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বরিশাল গোয়েন্দা অঞ্চল	০	০		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সিলেট	২২	২৩		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, সুনামগঞ্জ	১০	১০		০	০
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, মৌলভীবাজার	১৭	১৭		১	৫
জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, হবিগঞ্জ	৭	৭		১	২
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট গোয়েন্দা অঞ্চল	০	০		০	০
মোট :	৭৩৩	৭৬৮		১০৮	৬৪
				৭২	

সবচেয়ে বেশি মামলা দায়ের : উপর্যুক্ত তথ্যের বিশ্লেষণে দেখা যায় যে, ঢাকা মেট্রো:উপ-অঞ্চল সবচেয়ে বেশি মামলা দায়ের করেছে (১০৬টি)। সবচেয়ে কম মামলা দায়ের : জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, গোপালগঞ্জ, শরীয়তপুর, বরগুনা ও পটুয়াখালী এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরিশাল গোয়েন্দা অঞ্চল ও সিলেট গোয়েন্দা অঞ্চল বিগত জানুয়ারি মাসে কোনো মামলা উদঘাটন করতে পারেনি।

মোবাইল কোর্ট

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক জানুয়ারি'১৬ মাস পর্যন্ত অভিযান, মামলা, আসামীর সংখ্যাসহ জরিমানা আদায়ের বিবরণ নিম্নে তুলে ধরা হলো :

মাসের নাম	অভিযানের সংখ্যা	মামলার সংখ্যা	দণ্ডিত আসামীর সংখ্যা		জরিমানা আদায়
			কারাদণ্ড	অর্থদণ্ড	
জানুয়ারি'১৬	১,০৮৯	৫১৮	৩৭৪	১৫০	৪,১৮,২০০/-

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশন অধিশাখা)

রাসায়নিক পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম

কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ, বিজিবি, কাস্টমস, র‍্যাব, সিআইডি ও কোস্ট গার্ডগহ সকল আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলার আলামত এবং শিল্পে ব্যবহার্য বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকারসর কেমিক্যালস এর রাসায়নিক পরীক্ষা সম্পন্ন করা হয়। নভেম্বর-ডিসেম্বর ২০১৫ মাসের রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান :

রাসায়নিক পরীক্ষার পরিসংখ্যান

অঞ্চলের /সংস্থা নাম	রাসায়নিক পরীক্ষা সম্পন্ন ও রিপোর্ট সরবরাহ				পেভিং/স্থগিত
	নমুনা	পজিটিভ	নেগেটিভ	মোট	
ঢাকা অঞ্চল	৯৩	৯৩	--	৯৩	--
চট্টগ্রাম অঞ্চল	৪৮	৪৮	--	৪৮	--
রাজশাহী অঞ্চল	৭২	৭২	--	৭২	--
খুলনা অঞ্চল	৫৫	৫৫	--	৫৫	--
বাংলাদেশ পুলিশ	৩৫০৩	৩৫০১	০২	৩৫০৩	--
বর্ডার গার্ড বাংলাদেশ	--	--	--	--	--
র‍্যাব	--	--	--	--	--
সিআইডি	--	--	--	--	--
বাংলাদেশ কোস্ট গার্ড	--	--	--	--	--
বাংলাদেশ রেলওয়ে পুলিশ	২৬	২৬	--	২৬	--
অন্যান্য সংস্থা	--	--	--	--	--
মোট =	৮০৪০	৮০৩৯	১	৩৭৯৭	--

(সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার)

মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন সংশ্লিষ্ট কার্যক্রম



ডাইরেক্টরি প্রকাশ অনুষ্ঠানে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, অধিদপ্তরের মহাপরিচালক, রণ্ডানি উন্নয়ন ব্যুরোর ভাইস-চেয়ারম্যান ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

ডাইরেক্টরি প্রকাশ : মাদক নিয়ন্ত্রণের যে তিনটি দৃষ্টিকোণ তার একটি ক্ষতিহাস (Harm Reduction)। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ধারা ১৫,১৬ ও ৪৮ এবং একই আইনের আওতায় প্রণীত “বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় ও

মাদকাসক্তি পূর্ণবাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা ২০০৫” এর অধীন সরকারি ও বেসকারি পর্যায়ে মাদকাসক্তি ব্যক্তিদের চিকিৎসা, পরামর্শ ও পূর্ণবাসন কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশে প্রথম বারের মত মাদকাসক্তদের চিকিৎসা ও পূর্ণবাসনের জন্য সরকারি ও বেসরকারি নিরাময় কেন্দ্রের কার্যক্রম ও ঠিকানা সম্বলিত ডাইরেক্টরি প্রকাশ করা হয়।

মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন সংশ্লিষ্ট কার্যক্রম (জানুয়ারি'-১৬)

সরকারী মাদকাসক্তি কেন্দ্রের চিকিৎসাধীন রোগীর পরিসংখ্যান	চিকিৎসাপ্রাপ্ত			
	কেন্দ্রের নাম	নতুন	পুরাতন	মোট
সিটিসি,ঢাকা	১৩২	৫৮	১৯০	মাদকাসক্তদের মধ্যে ফেনিডিল- ১.০৫%, হেরোইন- ২২.১০%, গাঁজা-৪০%, ইনজেকশন- ২২.৬৩%, ইয়াবা-১৬.৩১%, পলিড্রাগস- ৫.২৬%, মদ- ০.৫২%, ডেনডি-০.৫২%, ট্যাবলেট ১.৫৭% এ আসক্ত ছিলেন।
আরসিটি,চট্টগ্রাম	১১	০	১১	
আরসিটি,খুলনা	০	০	০	
আরসিটি, রাজশাহী	০১	০১	০২	
রাজশাহী জেল হাসপাতাল	০	০	০	
যশোর জেল হাসপাতাল	০	০	০	
কুমিল্লা জেল হাসপাতাল	৩৫	২২	৫৭	

বেসরকারি লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের জানুয়ারি মাসের প্রতিবেদন

জেলা	কেন্দ্রের মোট সংখ্যা	কেন্দ্রসমূহের মোট বেড সংখ্যা	প্রতিবেদন প্রাপ্ত কেন্দ্রের সংখ্যা	বিগত মাস থেকে আগত রোগীর সংখ্যা	বিবেচ্য মাসে কেন্দ্রে ভর্তি রোগীর সংখ্যা
ঢাকা মেট্রোঃ উপ অঞ্চল	৩৬	৫৩৫	৩৩	৩৯২	১৬৯
ঢাকা জেলা	৮	৮০	৩	৫০	১২
নারায়নগঞ্জ	৪	১০	০	০	০
মানিকগঞ্জ	২	২০	০	০	০
গাজীপুর	৯	৯০	০	০	০
ময়মনসিংহ	৭	৭০	৫	৩৮	১৭

নেত্রকোনা	১	১০	০	০	০
টাংগাইল	২	২০	২	১৯	৮
জামালপুর	৩	৩০	০	০	০
ফরিদপুর	৩	৩০	২	১২	১৯
নরসিংদী	১	১০	০	০	০
কিশোরগঞ্জ	২	২০	০	০	০
চট্টগ্রাম মেট্রো	১১	১৪০	৮	৮৩	৩০
চট্টগ্রাম জেলা	১	১০	০	০	০
ফেনী	৪	৪০	৪	৩৪	১১
কুমিল্লা	৬	৬০	৫	৫০	৪০
রাজশাহী	৪	৫০	৩	৩৯	২৬
বগুড়া	৯	৯০	৯	৭১	৪৫
জয়পুরহাট	৩	৩০	৩	২৬	১৬
পাবনা	১	১০	০	০	০
নওগাঁ	৫	৫০	০	০	০
খুলনা	৪	৫৫	৪	৪০	২২
কুষ্টিয়া	২	২০	১	২৬	৫
যশোর	১	১০	১	১৮	৫
চুয়াডাঙ্গা	১	১০	০	০	০
সাতক্ষীরা	১	১০	০	০	০
বরিশাল	১	১০	১	৯	৩
সিলেট	৮	৯০	৫	৬০	৩২
হবিগঞ্জ	১	১০	০	০	০
মৌলভী বাজার	২	২০	০	০	০
রংপুর	৪	৪০	০	০	০
দিনাজপুর	২	২০	২	২৬	১২
মোট	১৪৯	১৭০০	৯১	৯৯৩	৪৭২

প্রশাসন অধিশাখার কার্যক্রম (রাজস্ব আদায়)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্সের মাধ্যমে প্রত্যক্ষভাবে রাজস্ব আদায় করা হয়। এছাড়া বিদেশ থেকে আমদানিকৃত বিভিন্ন প্রকারসর কেমিক্যালসের মাধ্যমে আমদানি, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ, খুচরা বিক্রয় এবং ব্যবহারের লাইসেন্স ফি থেকেও রাজস্ব আদায় করা হয়। অধিদপ্তরের বিভিন্ন অঞ্চল হতে জানুয়ারি'২০১৫ এবং জানুয়ারি'২০১৬ সাল পর্যন্ত মাসভিত্তিক আদায়কৃত রাজস্বের তুলনামূলক বিবরণ নিম্নরূপ :

ক্রমং	অঞ্চলের নাম	জানুয়ারি'২০১৫	জানুয়ারি'২০১৬
১।	ঢাকা অঞ্চল	৬৬,৪৩,৪৯৫/-	৬৬,৮৩,৫৯৫/-
২।	সিলেট অঞ্চল	৩৮,৯৭,৩৯৮/-	৩৭,৩৩,৪৮০/-
৩।	চট্টগ্রাম অঞ্চল	৩০,১৪,১৬৮/-	৩৫,৯৫,৩৬০/-
৪।	খুলনা অঞ্চল	২,৩০,০৬,৬০৭/-	২,৮৯,৫৮,৫১৩/-
৫।	বরিশাল অঞ্চল	৪,১৭,১২০/-	৩,৫০,০৪০/-
৬।	রাজশাহী অঞ্চল	৭৪,৭৮,৮১০/-	৭১,২১,৪০৬/-
	মোট	৪,৪৪,৫৭,৫৯৮/-	৫,০৪,৪২,৩৯৪/-

নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কর্তৃক প্রকাশিত।

ফোন : ০২-৮৮৭০০১১, ফ্যাক্স : ০২-৮৮৭০০১০, ই-মেইল : dgdncbd@gmail.com, ওয়েবসাইট : www.dnc.gov.com

মুদ্রণে : বর্ষা (প্রাঃ) লিঃ, ৮/৩ বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা-১২০৫, ফোন : ০২-৫৮৬১৭১৫৮, ০১৭১৬-০৮৯২৭৬।

প্রিকারসর কেমিক্যালস আমদানি সংক্রান্ত বিবরণী

প্রিকারসর কেমিক্যালের নাম	বার্ষিক কোটা	জানুয়ারি'১৫	জানুয়ারি'১৬
টলুইন	১২,৭৬৮.৫০ মেঃটঃ	১১৬.৬৪৭ মেঃ টঃ	২৮২.০২৪ মেঃ টঃ
এ্যাসিটিক এনহাইড্রাইড	২,৫৬৬ মেঃটঃ	৩৩.৬ মেঃটঃ	১২.৮১ মেঃটঃ
এ্যাসিটোন	৫,৮৮৬.৯৯ মেঃটঃ	২৫.৬০ মেঃটঃ	২৫.৬০ মেঃটঃ
মিথাইল ইথাইল কিটোন	৪,১৮৪.৫৬ মেঃটঃ	১৬.৫০ মেঃটঃ	৬২.৭৪ মেঃটঃ
পটাশিয়াম পারম্যাংগানেট	২,০৪৫ মেঃটঃ	৬০.০০ মেঃটঃ	৪২.০৫ মেঃটঃ
সিউডোএফিড্রিন	৪৯,০২১ কেজি	৪০০ কেজি	৯০৫ কেজি

অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরঃ

নাম/ পদবী/ কর্মস্থল	সময়সীমা
জনাব মো: ফরিদ উদ্দিন সরকার উপ-পরিদর্শক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, কুমিল্লা	৩১/০১/২০১৬-৩০/০১/২০১৭

শোকবাণী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখার সিপাই জনাব মো: জসিম উদ্দিন (পরিচিতি নম্বর ৪৯০৭৫) পিতা মৃত- মো: আব্দুস সামাদ গত ০৭ জানুয়ারি ২০১৬ তারিখে ইন্তোকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)।

২। মরহুম মো: জসিম উদ্দিন, পিতামৃত- মো: আব্দুস সামাদ ০১ সেপ্টেম্বর ১৯৫৮ সালে ঢাকা জেলাধীন ধামরাই উপজেলায় পো: শিমুলীয়া, মান্দারচাপ গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি ১৫ ডিসেম্বর ১৯৮১ সালে সরকারী চাকুরীতে যোগদান করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৭ বৎসর ০৪ মাস ০৭ দিন। তাঁর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পক্ষে সমবেদনা জ্ঞাপন করছি।

মাসিক বুলেটিনে মতামত আহবান করা হচ্ছে

অধিদপ্তর থেকে প্রতিমাসে মাসিক বুলেটিন প্রকাশ করা হচ্ছে। যা অধিদপ্তরের ওয়েব সাইটসহ বিভিন্ন পদস্থ ব্যক্তি, সমাজের গণ্যমান্য ব্যক্তিসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরণ করা হচ্ছে। বুলেটিন সম্পর্কে আপনার যে কোন মূল্যবান মতামত/মন্তব্য, তথ্য, বক্তব্য, প্রতিবেদন, ছবি ইত্যাদি প্রেরণ করলে তা প্রকাশের জন্য গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : ০১৭০৮-৯০৪০২৭